

## বইমেলা : আগাম নিরাপত্তা প্রস্তুতি শুরু

বাকী বিল্লাহ ও হাসনাত শাহীন

প্রতি বছর বইমেলা ঘিরে নানা ধরনের অপরাধ সংঘটিত হয়। গত বছর বইমেলা থেকে বের হওয়ার পর টিএসসি সড়কঘীপের কাছে জঙ্গি হামলায় একজন লুগার খুন ও তার স্ত্রী মারাত্মক আহত হয়েছে। তাই এ বছর সংস্কৃতি মন্ত্রণালয়ের উদ্যোগে ফেব্রুয়ারি মাস নিয়ে আগে থেকেই কঠোর নিরাপত্তার প্রস্তুতি নেয়া শুরু হয়েছে। এ নিয়ে গত ৬ জানুয়ারি সরকারের উচ্চ পর্যায়ের একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে ফেব্রুয়ারি মাসজুড়ে কঠোর নিরাপত্তার জন্য নানা ধরনের উদ্যোগ নেয়া হয়েছে। এই ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন র‍্যাব ও ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বইমেলা ও শহীদ মিনারের নিরাপত্তার জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। একই সঙ্গে ঢাকা ওয়াশিংটন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ধর্মবিষয়ক মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থাকে দিবসটি পালনে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সহায়তা চাওয়া হয়েছে। একই সঙ্গে বিদেশি নাগরিক ও সাংবাদিকদের চলাচলে নিরাপত্তার জন্য গোয়েন্দা সংস্থার (স্পেশাল ব্রাঞ্চ) তদারকির ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

সংস্কৃতি মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, বর্তমান মহাজোট সরকার প্রতি বছরের ন্যায় এবারও শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৬ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে। অমর একুশে ফেব্রুয়ারিকে ইউনেস্কো কর্তৃক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়ায় দিবসটির তাৎপর্য বৃদ্ধি পেয়েছে। প্রতি বছরের ন্যায় এ বছরও দিবসটি যথাযোগ্যভাবে সারাদেশে উদযাপন করা হবে। দিবসটি সুষ্ঠুভাবে পালনের জন্য কেন্দ্রীয় শহীদ মিনারের শান্তি-শঙ্কলা নিশ্চিত করতে বিভিন্ন কর্মসূচি প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে। এ নিয়ে গত ৬ জানুয়ারি বুধবার আন্তঃমন্ত্রণালয় উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সেখানে নানা ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এর মধ্যে একুশে ফেব্রুয়ারি উপলক্ষে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ভবনে ও বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক মাপের জাতীয় পতাকা অর্ধনির্মিত রাখা হবে। জাতীয় অনুষ্ঠানের সঙ্গে সংগতি রেখে জেলা ও উপজেলা পর্যায়ের সব শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ দিবস ও আগাম : পৃষ্ঠা : ২ ক : ১

### আগাম : নিরাপত্তা

(১৬ পৃষ্ঠার পর)

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে শিক্ষামন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশ দেয়া হয়েছে। জাতীয় অনুষ্ঠানের সঙ্গে সঙ্গতি রেখে সব সিটি করপোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ শুরু করে ইউনিয়ন পরিষদসমূহে এই বছর দিবসটি উদযাপনের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশ দেয়া হয়েছে। আর ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে আলোচনার মাধ্যমে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় কর্মসূচি পালন চূড়ান্ত করবে। নিরাপত্তা : কেন্দ্রীয় শহীদ মিনারসহ ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা এবং শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা অনুষ্ঠান পালনে নিয়োজিত সকল প্রতিষ্ঠান ও সংলগ্ন এলাকার নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হবে। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ ও র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন কর্তৃপক্ষকে উদ্যোগ নিতে বলা হয়েছে। কেন্দ্রীয় শহীদ মিনারের অনুষ্ঠানে রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধান শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের পরপরই বিরোধীদলীয় নেতার শ্রদ্ধা নিবেদনের বিষয় বিরোধীদলীয় নেতার দফতরের সঙ্গে আলোচনা করে স্বরাষ্ট্রমন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় সময় নির্ধারণ ও তদানুযায়ী ব্যবস্থা নেবেন।

২১ ফেব্রুয়ারির অনুষ্ঠানে রাতদিন শহীদ মিনার চত্বর, আজিমপুর কবরস্থান এলাকায় অতিরিক্ত লোকসমাগম হবে। সেখানে ভিড় নিয়ন্ত্রণ ও অপ্রীতিকর পরিস্থিতি ঠেকাতে ব্যবস্থা নিতে বলা হয়েছে। এই জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পুলিশ বিভাগকে সকল বিষয়ে সহায়তা দিবেন।

বই মেলায় নিরাপত্তা : অমর একুশে বইমেলা ও অনুষ্ঠানমালা সুষ্ঠুভাবে উদযাপন করার জন্য পহেলা ফেব্রুয়ারি-২০১৬ সাল থেকে মাসব্যাপী বাংলা একাডেমির সার্বিক নিরাপত্তার স্বার্থে বাংলা একাডেমির অভ্যন্তরে এবং সোহরাওয়ার্দী উদ্যানে সার্বক্ষণিকভাবে প্রয়োজনীয় সংখ্যক র‍্যাব ও আমর্ড ফোর্স মোতায়েন রাখার ওপর গুরুত্বারোপ করা হয়েছে। এছাড়াও বহিরাগতদের প্রত্যেককে যথাযথভাবে তল্লাশি করে একাডেমির অভ্যন্তরে ও সোহরাওয়ার্দী উদ্যানে ঢুকানোর জন্য একাডেমির প্রধান গেটে ও উদ্যানে ৮টি আর্চওয়ে ও মেটাল ডিটেক্টর বসানোর স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ ও র‍্যাব ও বাংলা একাডেমিতে ব্যবস্থা নিতে বলা হয়েছে।

ফেব্রুয়ারি মাসজুড়ে অনুষ্ঠান ও বইমেলা চলাকালে ফায়ার সার্ভিস, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (পিডিবি), রেডক্রিসেন্ট, ওয়াসাসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে।